

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৯৮

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮

১২ অক্টোবর ২০২১

বিষয়: জনাব খন্দকার মো: মাকছুদুর রহমান কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৭৭৮২/২০১১ হতে উদ্ধৃত  
কনটেম্পট পিটিশন নং-৩১৬/২০২১ মামলার বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়, আইন-৪ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১৯৩.০৪.২৪৩.১১-৯৬ তারিখ-১৩.০৯.২০২১  
উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং-৭৭৮২/২০১১ এর আপীল নং- ৬৮০/২০১৩ এর  
রায় বাস্তবায়ন না হওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩১৬/২০২১ দায়ের করা হয়। মামলার  
রায়/আদেশ বাস্তবায়নের অগ্রগতি, রিভিউ দায়ের করা হয়ে থাকলে সে সংক্রান্ত তথ্যাদি, না হয়ে থাকলে জরুরী ভিত্তিতে  
রিভিউ দায়ের করে, উল্লিখিত কনটেম্পট মামলায় নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর নাম, ঠিকানা, ফোন নম্বর এবং কনটেম্পট  
মামলায় আদালতে দাখিলকৃত **Affidavit in Reply/Compliance** এর প্রয়োজনীয় কাগজপত্রাদি আইন ও  
বিচার বিভাগের সলিসিটর উইংয়ে প্রেরণ পূর্বক পত্রের অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করেছেন।

ইতোমধ্যে গত ১৩.০৯.২০২১খ্রি. তারিখে ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৮৬ সংখ্যক স্মারকে কনটেম্পট পিটিশন নং-  
৩১৬/২০২১ (উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৪৬০/২০১৬ এর ১৯.১১.২০১৮ সালের রায়ের প্রেক্ষিতে) মামলায় সচিব,  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১ নং বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষে কনটেম্পট  
পিটিশন নং- ৩১৬/২০২১ (উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৪৬০/২০১৬ এর ১৯.১১.২০১৮ সালের রায়ের প্রেক্ষিতে)  
মামলাটি পরিচালনারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জনাব শেখ রিয়াজুল হক, বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ  
সুপ্রীমকোর্ট, ৩, সেগুনবাগিচা, সাজান টাওয়ার-২, ফ্লাট-৩/সি, ঢাকা-কে পত্রে দেয়া হয়েছে।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ইতোমধ্যে জনাব শেখ রিয়াজুল হক, বিজ্ঞ আইনজীবী,  
বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ৩, সেগুনবাগিচা, সাজান টাওয়ার-২, ফ্লাট-৩/সি, ঢাকা-কে পত্রে দেয়া হয়েছে বিধায় বিষয়টি  
নির্দেশক্রমে অবহিত করা হলো।

১২-১০-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

সহকারী সচিব

আইন-৪ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়

ইমেইল: law.section2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৯৮/১(৪)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮  
১২ অক্টোবর ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১২-১০-২০২১

মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব